মেসি ছাড়াই সুয়ারেজের জোড়া গোলে লিগ কাপের সেমিফাইনালে ইন্টার মায়ামি



সংগৃহীত ছবি

লিওনেল মেসি ছাড়া মাঠে নেমেও জয় তুলে নিয়েছে ইন্টার মায়ামি। আর্জেন্টাইন তারকার অনুপস্থিতিতে দলকে বাঁচিয়েছেন লুইস সুয়ারেজ। উরুগুইয়ান স্ট্রাইকারের জোড়া পেনাল্টি গোলে টাইগ্রেস ইউএএনএলকে ২-১ ব্যবধানে হারিয়ে লিগস কাপের সেমিফাইনাল নিশ্চিত করেছে হাভিয়ের মাশেরানোর শিষ্যরা। তবে লাল কার্ডের কারণে পুরো দ্বিতীয়ার্ধে কোচ মাশেরানোকে থাকতে হয়েছে গ্যালারিতে।

বৃহস্পতিবার ভোরে ঘরের মাঠ চেজ স্টেডিয়ামে মেক্সিকান ক্লাব টাইগ্রেসকে আতিথ্য দেয় মায়ামি। মাংসপেশির চোট কাটিয়ে ১৭ আগস্ট মাঠে ফিরেছিলেন মেসি, তবে তখনও তার হাঁটায় অস্বস্তি দেখা যায়। সতর্কতাস্বরূপ এবার তিনি নামেননি; খেলা দেখেছেন দর্শকসারিতে বসে। আর সেই সুযোগে দীর্ঘদিনের সতীর্থ সুয়ারেজ সামলেছেন আক্রমণের দায়িত্ব, জোড়া গোল এনে দিয়েছেন জয়ে।

২৩ মিনিটে নিজেদের বক্সে হাভিয়ের আকুইনোর হাতে বল লাগলে পেনাল্টি পায় মায়ামি। স্পটকিক থেকে গোলরক্ষক নাহুয়েল গুজম্যানকে পরাস্ত করে দলকে এগিয়ে নেন সুয়ারেজ। তবে বিরতির আগেই ধাক্কা খায় দলটি—সহখেলোয়াড় তেলাস্কো সেগোভিয়ার সঙ্গে ধাক্কা খেয়ে জর্দি আলবা অস্বস্তি নিয়ে মাঠ ছাড়েন।

দ্বিতীয়ার্ধ শুরু হওয়ার আগেই লাল কার্ড দেখে ডাগআউট ছাড়তে বাধ্য হন কোচ মাশেরানো। পরের পুরো সময় তিনি ভিআইপি আসনে বসে সহকারী কোচকে ফোনে নির্দেশনা দেন। একই কারণে সেমিফাইনালেও তাকে ডাগআউটে দেখা যাবে না।

৬৭ মিনিটে আনহেল কোরেয়ার গোলে সমতায় ফেরে টাইগ্রেস। তবে ৮৯ মিনিটে আরও একবার পেনাল্টি থেকে জালে বল পাঠিয়ে মায়ামির জয় নিশ্চিত করেন সুয়ারেজ।

লিগস কাপের সেমিফাইনালে মায়ামির প্রতিপক্ষ হবে ওরল্যান্ডো সিটি কিংবা তালুকার মধ্যে যে কোনো একটি।